# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================

---

(১) রাজ্যের ছাত্রীদের সবলীকরণ, তাদের উচ্চশিক্ষার পথ প্রশস্ত করা এবং বাল্য বিবাহ রোধের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার 'মুখ্যমন্ত্রীর নিযুত ময়না' প্রকল্পের উদ্বোধন/ বরাক উপত্যকার তিনজেলায়ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিধায়কদের এই প্রকল্পের উদ্বোধন/

(২) বাংলাদেশ থেকে যাতে কোনো লোক অবৈধভাবে ভারতে প্রবেশ করতে না পারে, তার প্রতি সতর্ক দৃষ্টি দিতে রাজ্য পুলিশের সঞ্চালক প্রধানের সীমান্তবর্তী জেলাগুলির পুলিশ সুপারদের নির্দেশ/

(৩) প্যারিস অলিম্পিকের থেকে ভারতীয় মল্লযোদ্ধা বিনেশ ফোগতকে অযোগ্য ঘোষণা করার বিষয়টির প্রতিবাদে রাজ্যসভার বিরোধী দলের সদস্যদের আজ সভাকক্ষ ত্যাগ/ অযোগ্যতা ঘোষণার সিদ্ধান্তের বিরুদ্ধে ফোগতের ক্রীড়া সালিশি আদালতে আবেদন দাখিল/

এবং

(৪) আসাম এবং মিজোরামের মধ্যে দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের জন্যে আগামীকাল উভয় রাজ্যের মধ্যে মন্ত্রী পর্যায়ের বৈঠক/

------------------------------------------------------------------------

রাজ্যের ছাত্রীদের সবলীকরণ , উচ্চশিক্ষার পথ প্রশস্তকরা এবং বাল্য বিবাহ প্রতিরোধ করার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশশর্মা আজ দিসপুরে লোকসেবা ভবনে মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ।এই প্রকল্পের অধীনে আগামী তিন /চার বছরের জন্য ১০ লক্ষ ছাত্রীকে অন্তর্ভুক্ত করা হবে ।প্রকল্পটি উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন যে বাল্য বিবাহের মতো কুসংস্কার প্রতিরোধ করা সহ অপরিণত বয়সে মাতৃত্ব লাভের সমস্যা থেকে কন্যা সন্তানদের রক্ষা করার উদ্দেশ্যে এই প্রকল্পটই রূপায়ন করা হচ্ছে ।অন্যদিকে কন্যাশিশুদের সুপ্ত প্রতিভা বিকাশের ক্ষেত্রে এই প্রকল্প সহায়তা করবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।কলেজে অধ্যয়নরত ছাত্রীদের শিক্ষা গ্রহণের ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রদান করা হলে দুস্থ পরিবারের অভিভাবকদের আর্থিক বোঝা হ্রাস পাওয়া সহ ড্রপ আউট ছাত্রীর সংখ্যা হ্রাস পাবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । এই প্রকল্পের অধীনে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া প্রত্যেক যোগ্য ছাত্রী ১০ মাসের জন্য প্রতি মাসে এক হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা , স্নাতক প্রথম বর্ষে ভর্তি হওয়া যোগ্য ছাত্রীদের ১০ মাসের জন্য প্রতি মাসে এক হাজার ২৫০ টাকা করে মোট ১২ হাজার ৫০০ টাকা এবং স্নাতকোত্তর প্রথম বর্ষে ভর্তি হওয়া যোগ্য ছাত্রীদের ১০ মাসের জন্য প্রতি মাসে দু হাজার ৫০০ টাকা করে মোট ২৫ হাজার টাকা বেংক একাউন্টে প্রদান করা হবে ।তবে বেসরকারী স্কুলের ছাত্রীরা এই সুবিধা পাবে না ।এদিকে রাজ্য সরকারের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে স্নাতকোত্তর এবং বি এড শিক্ষার্থী ছাড়া অন্যান্য বিবাহিতা ছাত্রী অথবা চাকুরীরতা বি এড শিক্ষার্থী , মন্ত্রী সাংসদ , বিধায়কের কন্যা , বাণীকান্ত কাকতি পুরস্কারের অধীনে স্কুটি লাভ করা ছাত্রীদের এই পুরস্কারের আওতার বাইরে রাখা হয়েছে । নিয়মিত নিজেদের একাউন্টে অর্থলাভ সুনিশ্চিত করতে নির্দিষ্ট সময়ে বেংকে কে ওয়াই সি জমা দিতে মুখ্যমন্ত্রী ছাত্রীদের প্রতি আহ্বান জানান ।প্রসঙ্গক্রমে মুখ্যমন্ত্রী বলেন যে চলতি বছরের নভেম্বর /ডিসেম্বর মাসে আসাম পুলিশ বাল্য বিবাহের বিরুদ্ধে আরো একটি অভিযান চালাবে ।চলতি বছরের মধ্যে আসামে বাল্য বিবাহ প্রতিরোধ করা হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।বাণীকান্ত কাকতি পুরস্কারের অধীনে স্কুটি লাভের যোগ্যতা অর্জন করা ছাত্রীদের আগামী নভেম্বর মাসে স্কুটি প্রদান করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান ।অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ডাঃ রণোজ পেগু ,পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায় ও আজ মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক সূচনা করা হয় ।এদিকে কাছাড় জেলায়ও এই প্রকল্পের উদ্বোধন করা হয় । শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ  গুরুচরন কলেজে এই প্রকল্পের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে  বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন যে মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্পের মাধ্যমে আর্থিক দিকে থেকে দূর্বল ছাত্রীরা তাদের পড়াশুনা চালিয়ে যেতে পারবে । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা বলেন যে এই প্রকল্প শুধুমাত্র ছাত্রীদের আর্থিক সাহায্য প্রদান করাই নয় , এই প্রকল্পের মাধ্যমে আগামী দিনের মহিলাদের সাবলম্বী করার প্রাথমিক পদক্ষেপ শুরু হয়েছে । উল্লেখ্য কাছাড় জেলার ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানে এই প্রকল্পের সূচনা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় । বিধায়ক কৃষ্ণেন্দু পাল জেলার সোনাখিরা স্বামী বিবেকানন্দ কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে এই প্রকল্পের উদ্বোধন করেন ।অনুষ্ঠানে গুয়াহাটীতে রাজ্য পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানের সরসরি সম্প্রচার করা হয় ।

---

শিলচর রাধামাধব কলেজেও আজ ছাত্রীদের হাতে আনুষ্ঠানিকভাবে মূখ্যমন্ত্রীর নিযুত ময়না প্রকল্পের প্রপত্র তুলে দেওয়া হয়েছে । অনুষ্ঠানে গুয়াহাটী আয়োজিত এই প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয় । উল্লেখ্য শিলচর রাধামাধব কলেজে  ৩৫০ জন ছাত্রীর হাতে নিযুত ময়না প্রকল্পের প্রপত্র তুলে দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ মূখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের উদ্বোধন করা হয়েছে । হাইলাকান্দি এস এস কলেজে আয়োজিত অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম আজ আনুষ্ঠানিকভাবে ১০ জন ছাত্রীর হাতে নিযুত ময়না প্রকল্পের প্রপত্র তুলে দিয়েছেন । আগামী ১৪ই অগাষ্ট থেকে হাইলাকান্দি জেলায় এই প্রকল্পের প্রপত্র বিতরন করা হবে । এস এস কলেজ সহ  জেলার ৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানে গুয়াহাটীতে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠান  সরাসরি সম্প্রচার করা হয়েছে ।

অনুষ্ঠানে কলেজ অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর , অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

ডিমা হাসাও জেলায়ও আজ মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ।হাফলং সরকারী কলেজ প্রেক্ষাগৃহে  ডিমাহাসাও স্বশাসিত পরিষদের কার্যবাহী আধিকারীক দেবোলাল গারলোসা ,রাজ্যের শক্তিমন্ত্রী নন্দিতা গারলোসা , জেলা আয়ুক্ত সীমন্ত কুমার দাস প্রমুখ এই প্রকল্পের উদ্বোধন করেন ।

---

বাংলাদেশের নোবেল পুরস্কার প্রাপক প্রফেসর মহম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অর্ন্তবর্তীকালীন সরকার আজ রাতে শপথ গ্রহণ করছে । গতকাল এক সাংবাদিক সম্মেলনে সেদেশের সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান একথা জানান । তিনি ঐ দেশের পরিস্থিতির আগামী তিন-চারদিনের মধ্যে স্বাভাবিক হবে বলে আশা প্রকাশ করেছেন । তিনি বলেন যে- বিগত কিছুদিন ধরে সংঘটিত অপরাধমূলক ঘটনসমূহের সঙ্গে জড়িত লোকেদের রেহাই দেওয়া হবেনা । এবং তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে । উল্লেখ্য- মহম্মদ ইউনুস আজ দুপুরে প্যারিস থেকে ঢাকা এসে পৌঁছেছেন ।

---

আসাম পুলিশের সঞ্চালক প্রধান  জি পি সিং আজ তিনসুকিয়ার পুলিশ অতিথিশালায় আইন শৃঙ্খলা সম্পর্কিত একটি পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন । সেনা, কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনী এবং তিনসুকিয়া জেলার সব থানার ভারপ্রাপ্ত আধিকারিকদের উপস্থিতিতে অনুষ্ঠিত এই বৈঠকে পুলিশের সঞ্চালক প্রধান যেকোনোধরণের নাশকতামূলক কাজকর্ম রোধ করতে নিরাপত্তারক্ষীদের প্রস্তুত থাকার আহ্বান জানান । বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে শ্রী সিং বলেন যে- আলফা-স্বাধীনকে আসামে প্রবেশ করতে বাধা প্রদানের জন্যে নিরাপত্তা রক্ষীরা প্রস্তুত রয়েছে । তিনি বলেন যে- আলফা নাশকতামূলক কাজ সংঘটিত করলে আসাম পুলিশ আরো বেশি সক্রিয়তার সঙ্গে আলফা-বিরোধী অভিযান চালাবে । এদিকে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে তিনি বলেন যে- আসাম পুলিশ বাংলাদেশের পরিস্থিতি পর্যালোচনা করছে । রাজ্যের ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে । এবং সীমান্ত সুরক্ষা বাহিনীও সক্রিয় রয়েছে বলে তিনি উল্লেখ করেন । এছাড়া বাংলাদেশ থেকে যাতে কোনো লোক অবৈধভাবে ভারতে প্রবেশ করতে না পারে, তারজন্য আসাম পুলিশ কড়া নজরদারি রেখেছে বলে উল্লেখ করে পুলিশ সঞ্চালক প্রধান বলেন যে- কাছাড়, করিমগঞ্জ, ধুবড়ী, দক্ষিণ শালমারা, মানকাচর ইত্যাদি সীমান্তবর্তী জেলার পুলিশ সুপারদের অধিক সক্রিয় থাকতে বলা হয়েছে ।

---

প্যারিস অলিম্পিক থেকে ভারতীয় মল্লযোদ্ধা বিনেশ ফোগতকে অযোগ্য ঘোষণা করার বিষয়টির প্রতিবাদ জানিয়ে আজ রাজ্যসভার বিরোধী দলের সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন । রাজ্যসভার বিরোধী দলপতি মল্লিকার্জুন খার্গে আজ সকালে সভায় বিষয়টি উত্থাপন করার চেষ্টা করলে তাকে অনুমতি দেওয়া হয়নি । এরপর কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, ডি এম কে, আর জে ডি এবং অন্যান্য বিরোধী দলের সদস্যরা সভা বর্জন করেন । রাজ্যসভার অধ্যক্ষ জগদীপ ধনকড় বিরোধীদের এধরণের আচরণে আপত্তি জানিয়ে তৃণমূল কংগ্রেসের সাংসদ ডেরেক ও'ব্রায়ানের নিন্দা জানিয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সতর্ক করে দেন । শ্রী ধনকড় বলেন যে- অলিম্পিকের মতো একটি মঞ্চে পদক জয়ের সম্পূর্ণ সম্ভাবনা থাকা বিনেশ ফোগত অযোগ্য ঘোষিত হওয়ায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ সমগ্র দেশের সঙ্গে তিনিও দুঃখ পেয়েছেন । এবং এই ঘটনার রাজনীতিকরণ করা হলে এই মল্লযোদ্ধার সম্মানে আঘাত করা হবে । তিনি জানান যে- হরিয়ানা সরকার ইতিমধ্যে এই খেলোয়াড়কে বিজয়ীর মতো সবধরণের সহযোগিতা করবে বলে ঘোষণা করেছে ।

এদিকে প্যারিস অলিম্পিকের ভারতীয় মহিলা মল্লযোদ্ধা বিনসৈ ফোগত তাঁকে অযোগ্য ঘোষণা করার সিদ্ধান্তের বিরুদ্ধে ক্রীড়া সালিশি আদালতে আবেদন দাখিল করেছে । ফোগত তাকে যুগ্মভাবে রৌপ্য পদক প্রদানের দাবী জানিয়েছে । একইসঙ্গে ফোগত সামাজিক মাধ্যম যোগে তার অবসর গ্রহণের কথাও ঘোষণা করেছে ।

---

প্যারিস অলিম্পিকে ভারতীয় হকি দল আজ ব্রোঞ্জ পদক অর্জন করেছে।

---

আসাম ও মিজোরামের মধ্যের দীর্ঘদিনের সীমা সমস্যা সমাধানের জন্যে আগামীকাল উভয় রাজ্যের মধ্যে মন্ত্রি পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে । মিজোরামের গৃহ দপ্তর থেকে জানানো হয়েছে যে- আগামীকাল বিকেলে আইজলের রাজ্য অতিথিশালায় এই বৈঠক অনুষ্ঠিত হবে । আসামের মন্ত্রীদের প্রতিনিধি দলটির নেতৃত্ব দেবেন রাজ্যের সীমা সুরক্ষা এবং উন্নয়ন মন্ত্রী অতুল বরা। এদিকে মিজোরামের দলটির নেতৃত্ব দেবেন সেই রাজ্যের গৃহমন্ত্রী কে সাপডাঙ্গা । উভয় রাজ্যের মন্ত্রীরা আগামীকাল এই সংক্রান্ত একটি সাংবাদিক সম্মেলনেই অংশ নেবেন । উল্লেখ্য- মুখ্যমন্ত্রী লালডোমহা'র নেতৃত্বাধীন জোরাম পিপ্‌লস মুভমেন্ট দল ক্ষমতায় আসার পর এটি হচ্ছে আসাম ও মিজোরামের মধ্যে সীমা সংক্রান্ত প্রথম বৈঠক ।

---

জি এন এম ( জেনারেল নার্সিং এন্ড মিডওয়াইফারি ) প্রবেশ পরীক্ষা আগামী ১১ ই আগষ্ট সকাল ১১ টা থেকে বেলা ১ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে । আগে এই পরীক্ষা ১৪ ই জুলাই অনুষ্ঠিত হওয়ার কথা ছিল । প্রার্থীদেরকে অফিসিয়েল এ্যাপ্লিকেশন পোর্টেল থেকে নতুন এডমিট কার্ড ডাউনলোড করতে বলা হয়েছে ।গুয়াহাটীর শঙ্করদেব ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সের কন্ট্রোলার অধ্যাপক ডঃ করবি বরুয়া এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা ছটায় করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসীমার ৫৬ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল বাড়ছে ।

এদিকে রাজ্যের জল সম্পদ বিভাগ সূত্রে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদী বিপদ সীমার ২৭ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল সন্ধ্যা ছটা থেকে স্থিতাবস্থায় রয়েছে ।

---------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় জামালপুর এফ সি দল ৬-০ গোলের ব্যবধানে ইলেভেন ব্রাদার্স এফ সি দলকে পরাজিত করেছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় বাঘখাল এফ সি খেলবে ভাগার বাম ডেভোলাপমেন্ট ক্লাবের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------